তোমাদের কেউ যখন জুতা পরবে, তখন সে ডান পা দিয়ে শুরু করবে। আর যখন খুলবে, তখন সে বাম পা দিয়ে শুরু করবে। ডান পায়ের জুতা যেন আগে পরা হয় এবং পরে খোলা হয়।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু হিসেবে বর্ণিত, “তোমাদের কেউ যখন জুতা পরবে, তখন সে ডান পা দিয়ে শুরু করবে। আর যখন খুলবে, তখন সে বাম পা দিয়ে শুরু করবে। ডান পায়ের জুতা যেন আগে পরা হয় এবং পরে খোলা হয়।” [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

জুতা পরিধানের ক্ষেত্রে মুস্তাহাব হলো ডান পা দিয়ে পরিধান আরম্ভ করা, আর খোলার ক্ষেত্রে মুস্তাহাব তার বিপরীত। আর তা হলো বাম পা দিয়ে আরম্ভ করা। কারণ, এতে ডান পায়ের সম্মান নিহিত আছে।

http://sunnah.global/hadeeth/bn/show/5357